

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী।
(গোপনীয় শাখা)
www.patuakhali.gov.bd

স্মারক নং ০৫.১০.৭৮০০.০০১.০০.০২৭.২১- ২১০

তারিখ:


২১ বৈশাখ ১৪৩১
০২ মে ২০২৪

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আবদুল হাই শিক্ষা ট্রাস্টের মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরে পটুয়াখালী জেলায় মোট ১০০ জন শিক্ষার্থীর মাঝে প্রতিজনকে ৩,০০০/- (তিন হাজার) টাকা করে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। আগামী ২০.০৫.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি:

০১. আবেদনকারীকে ৯ম শ্রেণি হতে স্নাতকোত্তর বা সমমানের অধ্যয়নরত হতে হবে।
০২. গরীব ও মেধাবী শিক্ষার্থী হতে হবে।
০৩. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে/ সরাসরি জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর নির্ধারিত ফরমে লিখিত আবেদন জমা দিতে হবে।
[বিঃদ্র: আবেদন ফরমটি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী/ www.patuakhali.gov.bd ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।]
০৪. আবেদনের সহিত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত ০১ কপি ছবি জমা দিতে হবে।
০৫. জন্ম নিবন্ধন/এনআইডি কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
০৬. মেধাবী শিক্ষার্থীর উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে।
০৭. পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০৮. পৌর মেয়র/ ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
০৯. শিক্ষাবৃত্তি ০১ (এক) বছরের জন্য প্রদান করা হবে।



(যাদব সরকার)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ও

সদস্য সচিব

আবদুল হাই শিক্ষা ট্রাস্ট, পটুয়াখালী।


তারিখ:

২১ বৈশাখ ১৪৩১
০২ মে ২০২৪

স্মারক নং ০৫.১০.৭৮০০.০০১.০০.০২৭.২১- ২১০

অনুলিপি অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। অধ্যক্ষ, পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), [তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো। পটুয়াখালী।
- ৩। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী [তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার করে প্রাপ্ত আবেদন যাচাইঅন্তে প্রাধিকারক্রমে তালিকাসহ আবেদনগুলি ২০.০৫.২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। অধ্যক্ষ, কুয়াকাটা খানাবাদ কলেজ, কলাপাড়া, পটুয়াখালী।
- ৫। প্রধান শিক্ষক, সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়, পটুয়াখালী।
- ৬। প্রধান শিক্ষক, ফাতেমা হাই উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলাপাড়া, পটুয়াখালী।
- ৭। সভাপতি, পটুয়াখালী প্রেসক্লাব।
- ৮। জনাব মোঃ শফিকুল আলম, পিতা আবদুল হাই, গ্রাম: নয়া মিশ্রিপাড়া, ডাকঘর: নতুনপাড়া, কলাপাড়া, পটুয়াখালী।
- ৯। সিএ টু ডিসি, জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ও

সদস্য সচিব

আবদুল হাই শিক্ষা ট্রাস্ট, পটুয়াখালী।